রেজিস্টার্ড নং ডি এ-১

Received
১২/০৫/১৪

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩০৬-আইন/২০১৩—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৬৬ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইউনিয়ন পরিষদের জন্য নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যাহা উক্ত ধারার বিধান মোতাবেক ইতোপূর্বে অত্র বিভাগের ১৯ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৪ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৩৩৯-আইন/২০১২ দ্বারা প্রাক-প্রকাশ করা হইয়াছে, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রয়োগ**।—(১) এই কর তফসিল "ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১৩" নামে অভিহিত হইবে।

(২) ইহা দেশের সকল ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই তফসিলে—

(ক) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) **'ইমারত'** অর্থ আইনের ধারা ২(৪) এ সংজ্ঞায়িত ইমারত;

(গ) **'পরিষদ'** অর্থ আইনের ধারা ২(৩১) এ সংজ্ঞায়িত পরিষদ;



মূল্য ঃ টাকা ১২.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

Received
১২/০৫/১৪

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৭, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩০৬-আইন/২০১৩—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৬৬ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইউনিয়ন পরিষদের জন্য নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যাহা উক্ত ধারার বিধান মোতাবেক ইতোপূর্বে অত্র বিভাগের ১৯ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৪ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৩৩৯-আইন/২০১২ দ্বারা প্রাক-প্রকাশ করা হইয়াছে, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রয়োগ**।—(১) এই কর তফসিল "ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১৩" নামে অভিহিত হইবে।

(২) ইহা দেশের সকল ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই তফসিলে—

(ক) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) **'ইমারত'** অর্থ আইনের ধারা ২(৪) এ সংজ্ঞায়িত ইমারত;

(গ) **'পরিষদ'** অর্থ আইনের ধারা ২(৩১) এ সংজ্ঞায়িত পরিষদ;



মূল্য ঃ টাকা ১২.০০

৩। **ইমারত ও ভূমির উপর কর।**—কোন পরিষদের এলাকাভুক্ত কোন ইমারত ও ভূমির বা মূল্যের শতকরা ৭ টাকার অধিক হারে কর আরোপ করা যাইবে না।

৪। **ইমারত নির্মাণ ও পুনঃনির্মাণের উপর কর।**—(১) নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ উল্লিখিত ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণের ক্ষেত্রে কলাম ৩ এ উল্লিখিত হারের অধিক হারে কর আ করা যাইবে না, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | ইমারতের | সর্বোচ্চ বাৎসরিক করের পরিমাণ (টা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (ক) | বসবাস বা ধর্মীয় উদ্দেশ্য ব্যতীত অন্য যে কোন উদ্দেশ্যে অস্থায়ী কাঠামো | ২০.০০ |
| (খ) | বসবাসের উদ্দেশ্যে এবং মূল্য পাঁচ হাজার টাকার অধিক মূল্য বিশিষ্ট কাঁচাঘর | ২৫.০০ |
| (গ) | বসবাসের উদ্দেশ্য ব্যতীত প্রতিটি কাঁচাঘর | ৩০.০০ |
| (ঘ) | আধা-পাকা ইমারতের জন্য | |
| | (অ) মেঝের পরিমাণ ১ হইতে ১২০০ বর্গফুট পর্যন্ত | ৫০.০০ |
| | (আ) মেঝের পরিমাণ ১২০১ হইতে ১৫০০ বর্গফুট পর্যন্ত | ৭৫.০০ |
| | (ই) মেঝের পরিমাণ ১৫০১ বর্গফুটের উর্ধ্বে | ১৫০.০০ |
| (ঙ) | পাকা ইমারতের জন্য | |
| | (অ) মেঝের পরিমাণ ১ হইতে ১০০০ বর্গফুট পর্যন্ত | ১৫০.০০ |
| | (আ) মেঝের পরিমাণ ১০০১ হইতে ১৫০০ বর্গফুট পর্যন্ত | ২৫০.০০ |
| | (ই) মেঝের পরিমাণ ১৫০১ হইতে ২০০০ বর্গফুটের পর্যন্ত | ৩০০.০০ |
| | (ঈ) মেঝের পরিমাণ ২০০১ বর্গফুটের উর্ধ্বে | ৪৫০.০০ |

(২) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ইমারত পুনঃনির্মাণের ক্ষেত্রে কর আরোপ করা যাইবে না।

(৩) ধর্মীয় উদ্দেশ্যে ব্যবহৃত কোন ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণের ক্ষেত্রে কর আরোপ যাইবে না।

৫। **ভিটেমাটির উপর কর।**—ভিটেমাটির উপর করের হার ইমারত ও ভূমির মোট মূ শতকরা ৩ (তিন) ভাগের অধিক হইবে না।

৬। **ব্যবসা, বৃত্তি বা পেশার উপর কর।**—পরিষদ এলাকায় পরিচালিত নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত ব্যবসা, বৃত্তি, পেশা বা শিল্প প্রতিষ্ঠানের উপর কলাম ৩ এ উল্লিখিত হারের অধিক হারে কর আরোপ কর যাইবে না, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | ব্যবসা, বৃত্তি, পেশা বা শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী | সর্বোচ্চ বাৎসরিক করের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | (ক) গুদাম (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ১ লক্ষ টাকা পর্যন্ত | ৫০০.০০ |
| | (২) মূলধন ১ লক্ষ হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ১০০০.০০ |
| | (৩) মূলধন ৫ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকা পর্যন্ত | ১৫০০.০০ |
| | (৪) মূলধন ১০ লক্ষ টাকার উর্ধ্বে | ২০০০.০০ |
| | (খ) হিমাগার (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ১ লক্ষ টাকা পর্যন্ত | ৪০০.০০ |
| | (২) মূলধন ১ লক্ষ হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ৮০০.০০ |
| | (৩) মূলধন ৫ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকা পর্যন্ত | ১২০০.০০ |
| | (৪) মূলধন ১০ লক্ষ টাকার উর্ধ্বে | ২০০০.০০ |
| | (গ) ক্ষুদ্র ও কুটির শিল্প (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ১০ হাজার টাকা পর্যন্ত | ৫০.০০ |
| | (২) মূলধন ১০ হাজার হইতে ২৫ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (৩) মূলধন ২৫ হাজার টাকা হইতে ৫০ হাজার টাকা পর্যন্ত | ২০০.০০ |
| | (৪) মূলধন ৫০ হাজার টাকার উর্ধ্বে | ৩০০.০০ |
| | (ঘ) শিল্প কারখানা (লিমিটেড কোম্পানী) ঃ | |
| | (১) পরিশোধিত মূলধন ৫০ লক্ষ টাকা পর্যন্ত | ৫০০০.০০ |
| | (২) পরিশোধির্ত মূলধন ৫০ লক্ষ হইতে ১ কোটি টাকা পর্যন্ত | ১০০০০.০০ |
| | (৩) পরিশোধিত মূলধন ১ কোটি টাকা হইতে ৫ কোটি টাকা পর্যন্ত | ২৫০০০.০০ |
| | (৪) পরিশোধিত মূলধন ৫ কোটি টাকার উর্ধ্বে | ৪০০০০.০০ |
| | (ঙ) কৃষি খামার, দুগ্ধ খামার, হাঁস-মুরগির খামার, মৎস্য খামার, গবাদি পশুর খামার ইত্যাদি (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ৫০ হাজার টাকা পর্যন্ত | ৫০.০০ |
| | (২) মূলধন ৫০ হাজার হইতে ১ লক্ষ টাকা পর্যন্ত | ১০০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| | (৩) মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকা পর্যন্ত | ১৫০.০০ |
| | (৪) মূলধন ৩ লক্ষ টাকা হইতে ১০ লক্ষ টাকা পর্যন্ত | ২৫০.০০ |
| | (৫) মূলধন ১০ লক্ষ টাকার উর্ধ্বে | ১০০০.০০ |
| | (চ) ধান ভাঙানো কল, আটা বা ময়দার কল বা মিল, তেলের কল (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ৫০ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (২) মূলধন ৫০ হাজার হইতে ১ লক্ষ টাকা পর্যন্ত | ২০০.০০ |
| | (৩) মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকা পর্যন্ত | ২৫০.০০ |
| | (৪) মূলধন ৩ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ৪০০.০০ |
| | (৫) মূলধন ৫ লক্ষ টাকার অধিক | ১০০০.০০ |
| | (ছ) স' মিল, বিদ্যুৎ চালিত অন্যান্য মিল (লিমিটেড কোম্পানী ব্যতীত) ঃ | |
| | (১) মূলধন ৫০ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (২) মূলধন ৫০ হাজার হইতে ১ লক্ষ টাকা পর্যন্ত | ২০০.০০ |
| | (৩) মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকা পর্যন্ত | ২৫০.০০ |
| | (৪) মূলধন ৩ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ৪০০.০০ |
| | (৫) মূলধন ৫ লক্ষ টাকার অধিক | ১০০০.০০ |
| | (জ) ইট ভাটা বা অন্যান্য সিরামিক প্রস্তুতকারক ঃ | |
| | (১) মূলধন বা পরিশোধিত মূলধন ২০ লক্ষ টাকা পর্যন্ত | ৫০০০.০০ |
| | (২) মূলধন বা পরিশোধিত মূলধন ২০ লক্ষ টাকা হইতে ৪০ লক্ষ টাকা পর্যন্ত | ১৫০০০.০০ |
| | (৩) মূলধন বা পরিশোধিত মূলধন ৪০ লক্ষ টাকার অধিক | ৫০০০০.০০ |
| ২। | (ক) সিনেমা হল ঃ | |
| | (১) সাধারণ | ৩০০.০০ |
| | (২) শীতাতপ নিয়ন্ত্রিত | ৫০০.০০ |
| | (খ) বিউটি পারলার, হেয়ার ড্রেসিং সেলুন ঃ | |
| | (১) সাধারণ | ১০০.০০ |
| | (২) শীতাতপ নিয়ন্ত্রিত | ২৫০.০০ |
| | (গ) লন্ড্রী ঃ | |
| | (১) সাধারণ | ৫০.০০ |
| | (২) অটোমেটিক মেশিনযুক্ত লন্ড্রী | ২৫০.০০ |
| | (৩) লন্ড্রী শোরুম | ২০০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৩। | ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বেসরকারি অফিস, প্রতিষ্ঠান বা সংস্থা বা উহাদের কোন শাখা | ৫০০.০০ |
| ৪। | ঠিকাদারী ফার্ম বা প্রতিষ্ঠান ঃ | |
| | (১) তৃতীয় শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান | ১০০০.০০ |
| | (২) দ্বিতীয় শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান | ২০০০.০০ |
| | (৩) প্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান | ৫০০০.০০ |
| ৫। | কৃষি পণ্যের আড়ত | ৫০০.০০ |
| ৬। | পেশা, বৃত্তি (কলিং) ঃ | |
| | (১) যে কোন ধরণের ইঞ্জিনিয়ারিং ফার্ম | ৫০০০.০০ |
| | (২) কনসালটেন্সি ফার্ম | ৫০০০.০০ |
| | (৩) সলিসিটর ফার্ম | ৫০০০.০০ |
| ৭। | আত্মকর্মে নিয়োজিত চিকিৎসক, প্রকৌশলী, আইনজীবী ঃ | |
| | (১) আয়করযোগ্য আয় না হইবার ক্ষেত্রে | ২৫০.০০ |
| | (২) আয়করযোগ্য আয় হইবার ক্ষেত্রে | ৫০০.০০ |
| ৮। | আবাসিক হোটেল বা মোটেল ঃ | |
| | (১) মূলধন ৫০ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (২) মূলধন ৫০ হাজার টাকা হইতে ১ লক্ষ টাকা পর্যন্ত | ২০০.০০ |
| | (৩) মূলধন ১ লক্ষ টাকা হইতে ৩ লক্ষ টাকা পর্যন্ত | ২৫০.০০ |
| | (৪) মূলধন ৩ লক্ষ টাকা হইতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ৪০০.০০ |
| | (৫) মূলধন ৫ লক্ষ টাকার অধিক | ২৫০০.০০ |
| ৯। | রেস্তোরাঁ, খাবার দোকান, মিষ্টির দোকান ঃ | |
| | (১) মূলধন ১০ হাজার টাকা পর্যন্ত | ৫০.০০ |
| | (২) মূলধন ১০ হাজার টাকা হইতে ২০ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (৩) মূলধন ২০ হাজার টাকা হইতে ৫০ হাজার টাকা পর্যন্ত | ১৫০.০০ |
| | (৪) মূলধন ৫০ হাজার টাকার উর্ধ্বে | ২০০.০০ |
| ১০। | দোকানদার বা ব্যবসায়ী ( খোলা জায়গায় যে সকল হকার্সগণ কেনাবেচা করেন, তাহারা ইহার অন্তর্ভুক্ত হইবেন না) ঃ | |
| | (১) মূলধন নির্বিশেষে যে কোন পাইকারী দোকান | ১০০০.০০ |
| | (২) মূলধন ১০ হাজার টাকা পর্যন্ত | ৫০.০০ |
| | (৩) মূলধনের পরিমাণ ১০ হাজার টাকা হইতে ৫০ হাজার টাকা পর্যন্ত | ১০০.০০ |
| | (৪) মূলধনের পরিমাণ ৫০ হাজার টাকার উর্ধ্বে | ১৫০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১১। | ভাড়ায় চালিত যানবাহন ঃ | |
| | (১) রিক্সার মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ২০.০০ |
| | (২) তিন চাকা বা দুই চাকা বিশিষ্ট যান্ত্রিক যানবাহনের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ২০০.০০ |
| | (৩) টেম্পোর মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১৫০.০০ |
| | (৪) বাস, মিনিবাসের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ২৫০.০০ |
| | (৫) ট্রাক/কার্গোভ্যান (প্রতিটির জন্য) | ২৫০.০০ |
| | (৬) পরিবহন এজেন্সী বা পরিবহন ঠিকাদার (প্রতিটির জন্য) | ৩০০.০০ |
| | (৭) যাত্রী পরিবহনের যান্ত্রিক নৌযানের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১০০.০০ |
| | (৮) মালামাল পরিবহনের যান্ত্রিক নৌযানের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১৫০.০০ |
| | (৯) যাত্রী পরিবহনকারী লঞ্চ, স্টীমার (প্রতিটির জন্য) | ২০০.০০ |
| | (১০) মালামাল পরিবহনকারী কার্গো (প্রতিটির জন্য) | ২৫০.০০ |
| | (১১) কার বা মাইক্রোবাসের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ২০০.০০ |
| ১২। | ভাড়ায় চালিত নয় এইরূপ যানবাহন ঃ | |
| | (১) রিক্সার মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১০.০০ |
| | (২) তিন চাকা বা দুই চাকা বিশিষ্ট যান্ত্রিক যানবাহনের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ৫০.০০ |
| | (৩) টেম্পোর মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ৭৫.০০ |
| | (৪) বাস, মিনিবাসের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১২৫.০০ |
| | (৫) ট্রাক/কার্গোভ্যান (প্রতিটির জন্য) | ১২৫.০০ |
| | (৬) যান্ত্রিক নৌযানের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ৫০.০০ |
| | (৭) লঞ্চ, স্টীমার (প্রতিটির জন্য) | ১০০.০০ |
| | (৮) কার বা মাইক্রোবাসের মালিক/প্রতিষ্ঠান (প্রতিটির জন্য) | ১০০.০০ |
| ১৩। | বিজ্ঞাপনের উপর কর ঃ | |
| | (১) প্রতি বর্গফুট বা উহার অংশ বিশেষের জন্য | ১০.০০ |
| | (২) আলোক সজ্জিত বিজ্ঞাপন (যথাঃ নিউন সাইন, প্লাস্টিক সাইন, ইত্যাদি) | ২০.০০ |

৭। **সিনেমা, নাট্য প্রদর্শনী এবং অন্যান্য আমোদ-প্রমোদ ও চিত্তবিনোদনের উপর কর।**—পরিষদ এলাকায় আয়োজিত সিনেমা, নাট্য প্রদর্শনী, অন্যান্য আমোদ-প্রমোদ এবং চিত্তবিনোদনমূলক অনুষ্ঠানে দর্শনার্থীদের নিকট হইতে আদায়কৃত প্রবেশ মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ১০ (দশ) টাকা হারে আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, শিক্ষামূলক বা দাতব্য উদ্দেশ্যে আয়োজিত প্রদর্শনীর উপর কর আরোপ করা যাইবে না।

৮। **বৈদ্যুতিক আলোর সুবিধার জন্য রেইট**।—পরিষদ কর্তৃক রাস্তাঘাট, জনসাধারণের ব্যবহার্য স্থানে বৈদ্যুতিক আলোর সুবিধা প্রদান করা হইলে, উহাদের রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ২ (দুই) টাকা হারে রেইট আরোপ করা যাইবে।

৯। **বিনোদনমূলক পার্ক, ইত্যাদির সুবিধাদির উপর রেইট**।—পরিষদ কর্তৃক জনসাধারণের জন্য বিনামূল্যে বিনোদন পার্ক, শিশু পার্ক, গণশৌচাগার ইত্যাদির ব্যবহারের সুবিধা প্রদান করা হইলে, উহাদের রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের সর্বোচ্চ শতকরা ২ (দুই) টাকা হারে রেইট আরোপ করা যাইবে।

১০। **পানি সরবরাহের উপর রেইট**।—পরিষদ কর্তৃক পানি সরবরাহের সুবিধা প্রদান করা হইলে, সুবিধাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ইমারত বা ভূমির বার্ষিক মূল্যের সর্বোচ্চ শতকরা ২ (দুই) টাকা হারে রেইট আরোপ করা যাইবে।

১১। **পয়ঃ নিস্কাশন সুবিধার উপর রেইট**।—পরিষদ কর্তৃক পয়ঃ নিস্কাশন সুবিধা প্রদান করা হইলে, সুবিধাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ইমারত বা ভূমির বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ১২ (বার) টাকা হারে রেইট আরোপ করা যাইবে।

১২। **পশু জবাইয়ের উপর ফি**।—ব্যবসায়িক উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত জবাইকৃত পশুর উপর কলাম ৩ এ উল্লিখিত হারে ফি আরোপ করা যাইবে, যথা ঃ—

| ক্রমিক নং | পশুর বিবরণ | প্রতিটির জন্য ফি এর পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | ছাগল বা ভেড়া | ১০.০০ |
| (২) | গরু | ২০.০০ |
| (৩) | মহিষ | ২৫.০০ |

১৩। **টিউটোরিয়াল স্কুল, কোচিং সেন্টার, ইত্যাদির নিবন্ধন ফি**।—পরিষদ এলাকায় পরিচালিত নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত টিউটোরিয়াল স্কুল বা কোচিং সেন্টারের নিবন্ধন ও নিবন্ধন নবায়নের ক্ষেত্রে কলাম ৩ এ উল্লিখিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা ঃ—

| ক্রমিক নং | বিবরণ | নিবন্ধন/নবায়ন ফি এর সর্বোচ্চ পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | টিউটোরিয়াল | ২০০০.০০ টাকা |
| (২) | কোচিং সেন্টার | ২৫০০.০০ টাকা |
| (৩) | বেসরকারী কেজি স্কুল (বাংলা/ইংরেজী মিডিয়াম) | ৩০০০.০০ টাকা |

১৪। **বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউট ইত্যাদির নিবন্ধন ফি**।—পরিষদ এলাকায় পরিচালিত নিম্নবর্ণিত টেবিলের কলাম ২ এ উল্লিখিত বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউটের নিবন্ধন ও নিবন্ধন নবায়নের ক্ষেত্রে কলাম ৩ এ উল্লিখিত হারে ফি প্রদান করিতে হইবে, যথা ঃ—

| ক্রমিক নং | বিবরণ | নিবন্ধন/নবায়ন ফি এর সর্বোচ্চ পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | ক্লিনিক | ১৫০০.০০ টাকা |
| (২) | প্যারামেডিকেল ইনস্টিটিউট | ১৫০০.০০ টাকা |
| (৩) | বেসরকারি হাসপাতাল | ২৫০০.০০ টাকা |

তবে শর্ত থাকে যে, উক্তরূপ হাসপাতাল, ক্লিনিক, প্যারামেডিকেল ইনস্টিটিউট সম্পূর্ণভাবে দাতব্য প্রতিষ্ঠান হইলে, পরিষদ উহাদের নিবন্ধন ফি ও নাবয়ন ফি মওকুফ করিতে পারিবে।

১৫। **গ্রাম পুলিশের সম্মানীর জন্য কর**।—গ্রাম পুলিশের সম্মানীর জন্য ভূমি ও ইমারতের বার্ষিক মূল্যের শতকরা সর্বোচ্চ শতকরা ২ (দুই) করা হারে কর আরোপ করা যাইবে।

১৬। **বাজার কর**।—পরিষদ এলাকায় হাট-বাজার ইজারা মূল্যের শতকরা ১ (এক) টাকা হারে ইজারাদারের উপর কর আরোপ করা যাইবে।

১৭। **ব্যবসা, বৃত্তি বা পেশার জন্য পরিষদ কর্তৃক প্রদত্ত লাইসেন্স এবং পারমিটের উপর ফি**।—পরিষদ এলাকায় যে কোন ধরণের ব্যবসা, বৃত্তি বা পেশা পরিচালনার জন্য লাইসেন্স বা পারমিট ফি এবং নবায়ন ফি এর পরিমাণ হইবে সর্বোচ্চ ২০০.০০ (দুইশত) টাকা।

১৮। **পাকা ইমারত নির্মাণের অনুমোদন ফি**।—পরিষদ এলাকায় পাকা ইমারত নির্মাণের পরিকল্পনা অনুমোদনের জন্য প্রতি বর্গফুটের উপর সর্বোচ্চ ১ (এক) টাকা হারে ফি আরোপ করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু আলম মোঃ শহিদ খান
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd